

তোর প্রাণের রস তো শুকিয়ে গেল ওরে ।  
তবে মরণরসে নে পেয়ালা ভরে ॥  
সে যে চিতার আগুন গালিয়ে ঢালা, সব জ্বলনের মেটায় জ্বালা—  
সব শূন্যকে সে অউহেসে দেয় যে রঙিন করে ॥  
তোর সূর্য ছিল গহন মেঘের মাঝে,  
তোর দিন মরেছে অকাজেরই কাজে ।  
তবে আসুক-না সেই তিমিররাতি লুপ্তিনেশার চরম সাথি—  
তোর ক্লান্ত আঁখি দিক সে ঢাকি দিক্-ভোলাবার ঘোরে ॥

---

Parjaay: Prem

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail